**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮৭/২০১৭**

**ঢাকা, রোববার ৩০ এপ্রিল ২০১৭, ১৭ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী হাওর এলাকা পরিদর্শনে যাচ্ছেন আজ

২। ভ্যাট পরিশোধে লেনদেন সীমা বাড়ানো হবে : অর্থমন্ত্রী

৩। বিমানবন্দরে সেবার মান বৃদ্ধি করতে হবে : বাণিজ্যমন্ত্রী

৪। রমজানে পণ্যমূল্যে কারসাজি করলে ছাড় নয় : বাণিজ্যমন্ত্রী

৫। সুন্দরবন অঞ্চলকে নিরাপদ করতে চাই
: পটুয়াখালীতে জলদস্যুদের অত্মসমর্পণ অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী

৬। গাইড বই ও কোচিং সেন্টার বন্ধে আইন হচ্ছে : শিক্ষামন্ত্রী

৭। ঘরবাড়ি উচ্ছেদ করে রাজউকের অধিগ্রহণ মেনে নেওয়া হবে না : খাদ্যমন্ত্রী

৮। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় কাজ চলছে : পরিবেশ ও বনমন্ত্রী

৯। বাঁধ নির্মাণে অনিয়মকারীদের ছাড় নেই : পানিসম্পদমন্ত্রী

১০। নারীদের স্বাবলম্বী করতে সরকারের আড়াইশ কোটি টাকার প্রকল্প গ্রহণ
: মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী হাওর এলাকা পরিদর্শনে যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বন্যাকবলিত হাওর এলাকা দেখতে আজ সুনামগঞ্জ যাবেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম গতকাল ২৯ এপ্রিল শনিবার জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা হাওর অঞ্চলের আকস্মিক বন্যা পরিস্থিতি দেখতে আজ রোববার উত্তর-পূর্বাঞ্চলীয় সুনামগঞ্জ জেলার বন্যাকবলিত হাওর এলাকা পরিদর্শন করবেন। সুনামগঞ্জের জেলা প্রশাসক শেখ রফিকুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী সকাল সাড়ে দশটায় শাল্লা উপজেলা সদরে এসে পৌঁছবেন। তিনি শাল্লায় পৌঁছে উপজেলার পদস্থ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন এবং পরে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করবেন। একই দিন বিকেলে প্রধানমন্ত্রী ঢাকায় ফিরবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

২। **ভ্যাট পরিশোধে লেনদেন সীমা বাড়ানো হবে : অর্থমন্ত্রী**

নতুন ভ্যাট আইনে বার্ষিক লেনদেনের যে তিনটি স্তরের প্রস্তাব করা হয়েছে, তার সীমা বাড়ানো হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একই সঙ্গে করপোরেট করহার কমানোরও ইঙ্গিত দিয়েছেন তিনি। তবে সীমা কত হবে বা করপোরেট কর কতটা কমানো হবে সে বিষয়ে বাজেট পেশ করা পর্যন্ত অপেক্ষায় থাকতে ব্যবসায়ী ও জনগণকে পরামর্শ দিয়েছেন। গতকাল ২৯ এপ্রিল শনিবার রাতে মেট্রোপলিটন চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি (এমসিসিআই) ও মাছরাঙ্গা টেলিভিশনের যৌথ আয়োজনে অনুষ্ঠিত '২০১৭-১৮ অর্থবছরের বাজেট: আমাদের প্রত্যাশা' শীর্ষক অনুষ্ঠানে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৭)।

৩। **বিমানবন্দরে সেবার মান বৃদ্ধি করতে হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বিমানবন্দরে সেবার মান বৃদ্ধি করতে হবে। বাংলাদেশের উন্নয়নের সাথে সাথে বিমানবন্দরগুলোর সেবার মান আরো উন্নত করতে হবে। বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে হবে। বিমানবন্দরে যাতায়াতের সময় যাতে কোনো দেশি বা বিদেশি যাত্রী হয়রানি না হয়, তা নিশ্চিত করা প্রয়োজন। দেশ এগিয়ে গেলেও বিমানবন্দরে অব্যবস্থাপনার অভিযোগ রয়েছে। গতকাল ২৯ এপ্রিল শনিবার ঢাকায় আর্মি গলফ ক্লাবে প্লাম ভিউ রেস্টুরেন্টে এভিয়েশন অপারেটর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ আয়োজিত 'দেশীয় এয়ারলাইন্সের বর্তমান সমস্যা এবং সম্ভাবনা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**এশিয়ান এজ** (পৃ.১১,ক.৮), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৩)।

৪। **রমজানে পণ্যমূল্যে কারসাজি করলে ছাড় নয় : বাণিজ্যমন্ত্রী**

রমজান সামনে রেখে পণ্যমূল্য নিয়ে কারসাজি করলে কেউ পার পাবে না বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, মিল মালিক বা আমদানিকারক যেই হোক, বিনা কারণে রমজানে পণ্যমূল্য বাড়ালে তাকে ছাড় দেওয়া হবে না। যদিও ব্যবসায়ীরা কারসাজি করবে না বলে ব্যক্তিগতভাবে তিনি মনে করেন। গতকাল ২৯ এপ্রিল শনিবার শাহজালাল ইসলামী ব্যাংকের শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান শেষে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

৫। **সুন্দরবন অঞ্চলকে নিরাপদ করতে চাই :**
**পটুয়াখালীতে জলদস্যুদের আত্মসমর্পণ অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী মো. আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, একের পর এক জলদস্যু ও বনদস্যু যারা সাগরে ও সুন্দরবনকে ঘিরে নানা অপরাধ করত, তারা তাদের ভুল বুঝতে পেরে আত্মসমর্পণ করছে। যারা এখনও অপরাধ করছেন তাদের নিস্তার নেই। অপরাধের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর জিরো টলারেন্স নীতি অনুসরণ করে কাজ করছি। তার দিকনির্দেশনা অনুযায়ী আত্মসমর্পণকারী অপরাধীদের পুনর্বাসনের উদ্যোগ নেওয়া হয়েছে। যারা এখনও আত্মসমর্পণ

করেনি, তাদের এই সুযোগ গ্রহণ করার আহ্বান জানান তিনি। গতকাল ২৯ এপ্রিল শনিবার পটুয়াখালী জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে জলদস্যুদের আত্মসমর্পণ ও আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী মো. আসাদুজ্জামান খাঁন কামাল একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৮), **নিউ এজ** (পৃ.১১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬)।

=৩=

**৬। গাইড বই ও কোচিং সেন্টার বন্ধে আইন হচ্ছে : শিক্ষামন্ত্রী**

নোট-গাইড বই ও কোচিং সেন্টার বন্ধে আইন হচ্ছে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কিছু শিক্ষক ক্লাসরুমে না পড়িয়ে বাড়িতে টাকার বিনিময়ে পড়ান। কেউ কেউ কোচিং বাণিজ্যে জড়িত। এরা শিক্ষক নামের কলঙ্ক। এদের চিহ্নিত করতে হবে। অসৎ লোকদের শিক্ষকতা পেশায় বরদাশত করা হবে না। শিক্ষামন্ত্রী গতকাল ২৯ এপ্রিল শনিবার ঢাকার একটি অভিজাত হোটেলে জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, প্রধান শিক্ষক ও মাস্টার ট্রেইনারদের 'কানেক্টিং ক্লাসরুমস' শীর্ষক ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**৭। ঘরবাড়ি উচ্ছেদ করে রাজউকের অধিগ্রহণ মেনে নেওয়া হবে না : খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম বলেছেন, ঘরবাড়ি উচ্ছেদ করে রাজউকের অধিগ্রহণ মেনে নেওয়া হবে না। আমি মনে করি রাজউক অধিগ্রহণের মাধ্যমে আপনাদের চোখ খুলে দিয়েছে। যারা জমি দখল করে, নদী দখল করে তাদের বিরুদ্ধে কেন আপনারা প্রতিবাদ করেন না। এর আগে আপনারা মানববন্ধন করেছেন, সভা-সমাবেশ করেছেন। বিষয়টি নিয়ে পূর্তমন্ত্রী ও রাজউকের সচিবের সঙ্গে কথা বলেছি। তারা বলেছেন, জমির মালিক ও স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে জমি অধিগ্রহণ করা হবে। আটি ভাওয়াল উচ্চ বিদ্যালয় মাঠে গতকাল ২৯ এপ্রিল শনিবার কেরানীগঞ্জে রাজউক কর্তৃক ১৬ মৌজার জমি অধিগ্রহণের বিরুদ্ধে প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৭,ক.১), **প্রথম আলো** (পৃ.৮,ক.৪)।

**৮। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় কাজ চলছে : পরিবেশ ও বনমন্ত্রী**

পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, উন্নয়নের পথে দেশ ক্রমেই এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ এখন বিশ্ব জলবায়ু সম্মেলনে টাকা চাইতে যায় না। আমরা নিজেদের টাকাতেই জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তহবিল গঠন করেছি। সারাদেশে জলবায়ু পরির্তনের ঝুঁকি মোকাবিলায় কাজ চলছে। পঞ্চম এইচএসবিসি ডেইলি স্টার জলবায়ু পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। গতকাল ২৯ এপ্রিল শনিবার রাজধানীর হোটেল র‍্যাডিসনের উৎসব হলে পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আনোয়ার হোসেন মঞ্জু। সূত্র-**সমকাল** ( পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬)।

**৯। বাঁধ নির্মাণে অনিয়মকারীদের ছাড় নেই : পানিসম্পদমন্ত্রী**

আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত সিলেটের বিশ্বনাথের চাউলধনী হাওর ও বাসিয়া নদী পরিদর্শনকালে পানিসম্পদমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ এমপি বলেছেন, সারাদেশে বেড়িবাঁধ নির্মাণে অনিয়মের অভিযোগ উঠেছে। বাঁধ নির্মাণে অনিয়মকারীদের কোন ছাড় দেওয়া হবে না। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। বন্যাকবলিতদের উদ্দেশ্যে তিনি বলেন, নিরাশ হওয়ার কিছু নেই, সরকার আপনাদের পাশে আছে। কারণ বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। বিশ্বনাথের বাসিয়া নদী খননকাজের ধীরগতি দেখে ক্ষোভ প্রকাশ করে মন্ত্রী আরও বলেন, বৃহত্তর স্বার্থে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে সার্ভে অনুযায়ী নদী খনন কাজ সম্পন্ন করা হবে। গতকাল ২৯ এপ্রিল শনিবার চাউলধনী হাওরপাড়ে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.৫,ক.৮)।

**১০। নারীদের স্বাবলম্বী করতে সরকারের আড়াইশ কোটি টাকার প্রকল্প গ্রহণ : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

নারীদের স্বাবলম্বী করে গড়ে তুলতে সরকার আড়াইশ কোটি টাকা প্রকল্প গ্রহণ করেছে। এই প্রকল্পের মাধ্যমে সারাদেশের মোট **১৮**টি ট্রেডে নারীদের প্রশিক্ষণ দেওয়া হবে এবং প্রশিক্ষণে আসা-যাওয়ার ভাতাও তাদের দেওয়া হবে। গতকাল ২৯ এপ্রিল শনিবার রাজধানীর শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে শ্রেষ্ঠ জয়িতাদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা জানান মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **ইনকিলাব** (পৃ.৩,ক.৮)।

=৪=

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** চাঁপাইনবাবগঞ্জের মোবারকপুর ইউনিয়নের শিবনগর এলাকার জঙ্গি আস্তানায় পরিচালিত অপারেশন 'ঈগল হান্ট' এর সফল পরিসমাপ্তি ঘটায় স্বস্তি প্রকাশ।

খ. **জনকণ্ঠ :** শব্দদূষণ রোধে আইনের কঠোর প্রয়োগের সাথে সাথে জনগণের সচেতনতাও জরুরি বলে মত প্রকাশ।

গ. **যায়যায়দিন, সমকাল, ফিনানশিয়াল এক্সপ্রেস :** বাজারে নতুন চাল আসতে শুরু করার পরও চালের দাম না কমায় উদ্বেগ প্রকাশ করে এ পরিস্থিতি থেকে উত্তরণে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **প্রথম আলো :** রাজধানীর শ্যামপুরে ২০০ টিরও বেশি শিল্প-কারখানা থাকায় পানি ও বাতাসের দূষণ অনেক বিপদজনক স্তরে পৌঁছায় এ অঞ্চলের মানুষের জনস্বাস্থ্যের জন্য তা মারাত্মক হুমকি হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** মাসের পর মাস অফিসে না এসে জালিয়াতির মাধ্যমে উপস্থিতি দেখিয়ে বাংলাদেশ বিমানের কিছু কর্মচারী বেতন ও ওভারটাইমের টাকা তুলছেন বলে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** বর্ষা আসার আগেই ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব দেখা যাওয়ায় এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ছ. **ডেইলি সান :** রমজানের আগেই নিত্যপণ্যের মূল্য বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সরকারের সংশ্লিষ্ট মহলের হস্তক্ষেপ কামনা।

জ. **নিউ নেশন, নিউ এজ :** স্কুলে পাঠ্যসূচির বাইরে বিজ্ঞান ভিত্তিক নানারকম কর্মকাণ্ডে ছাত্রছাত্রীদের উৎসাহিত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে একটি স্বল্পোন্নত দেশের তকমা ঝেড়ে ফেলে উন্নয়নশীল এবং এক পর্যায়ে উন্নত দেশে পরিণত হওয়ার স্বপ্ন বাস্তবায়ন করতে হলে সর্বস্তরের মানবক্ষমতা বৃদ্ধির বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'হাওর অর্থনীতি : বন্যাপরবর্তী পুনর্বাসনে কর্মসূচি জরুরি'** শিরোনামের নিবন্ধে ড. মিহির কুমার রায় হাওরের মানুষের ফসল ছাড়া যেহেতু বিকল্প কোন কর্মসংস্থানের ব্যবস্থা নেই তাই কর্মসংস্থান সৃষ্টিতে ইকোনমিক জোন প্রতিষ্ঠার বিষয়টিকে অগ্রাধিকার দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা